তারিখ ... 19/7/82 ...
পৃষ্ঠা ... ... কলাম ...

পাসের সর্বোচ্চ হার ৬৫ দশমিক ৭৪ ভাগ

# চার বোর্ডের এসএসসি পরীক্ষায় ১ লক্ষ ৫৬ হাজার ৪৭৮ জন পাস

(স্টাফ রিপোর্টার)

দেশের চারটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৮২ সনের মার্চে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার ফল গতকাল প্রকাশিত হয়েছে।

এসএসসি পরীক্ষায় এবার চারটি বোর্ড থেকে মোট ২ লাখ ৬৮ হাজার দুই জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ-গ্রহণ করে। এর মধ্যে পাস করেছে ১ লাখ ৫৬ হাজার ৪শ ৭৮ জন।

এসএসসি পরীক্ষায় চারটি বোর্ডের পাসের হার সর্বোচ্চ ৬৫ দশমিক ৭৪ ভাগ এবং সর্বনিম্ন ৫০ দশ-মিক ০৭ শতাংশ। পাসের সর্বোচ্চ হার যশোর বোর্ডের, সর্বনিম্ন হার ঢাকা বোর্ডের। রাজশাহী বোর্ডের পাসের হার ছিল ৫৫ দশমিক ২৫ এবং কুমিল্লা বোর্ডের ৬৪ দশমিক ৪৬ ভাগ। সব বোর্ডেই শিল্পকলা বিভাগে এবার পাসের হার সবচেয়ে বেশী।

ঢাকা বোর্ড থেকে এবার পরীক্ষা দিয়ে ছিল ৭৮ হাজার ৮শ ৪৮ জন ছাত্রছাত্রী এর মধ্যে পাস করেছে ৩৯ হাজার ৪শ ৮৪ জন। যশোর বোর্ডের পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৬১ হাজার ২৩ জন। পাস করেছে ৪০ হাজার ১শ ২১ জন। রাজশাহী বোর্ডে এসএসসি পরীক্ষা দিয়েছিল ৬২ হাজার ১শ ৩৮ জন, পাস করেছে ৩৪ হাজার ৩শ ৩৩ জন। কুমিল্লা বোর্ডে পরীক্ষা দেয় ৬৫ হাজার ৯শ ৯৩ জন এবং এর মধ্যে পাস করে ৪২ হাজার ৫শ ৪০ জন।

এই চারটি বোর্ডের এসএসসি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় যে পাঁচ জন প্রথমস্থান অধিকার করেছে তাদের তিনজন বিজ্ঞান বিভাগের ও দুজন শিল্পকলা বিভা-গের। বোর্ডে এবারের পরীক্ষায় প্রাপ্ত সর্বোচ্চ নম্বর ৮৩৭।

ঢাকা বোর্ডের পরীক্ষায় মতিঝিল সরকারী উচ্চ বালক বিদ্যালয় থেকে বিজ্ঞান বিভাগে ৬টি লেটারসহ ৮৩৭ নম্বর পেয়ে প্রথম হয়েছে আশীষ কুমার কীর্তনীয়া।

রাজশাহী বোর্ডে ও ৬টি লেটারসহ ৮৩৭ নম্বর পেয়ে প্রথম স্থান অধি-কার করেছে দুজন ছাত্র। এদের দু-জনই রাজশাহী ক্যাডেট কলেজের ছাত্র। তারা হচ্ছে এ কে এম আবদুল আজিজ শিবলী ও আবু হান্নান দেলোয়ার হোসেন।

যশোর বোর্ডে ৬টি লেটারসহ ৮২৪ নম্বর পেয়ে সম্মিলিত মেধা তালিকায় শীর্ষস্থানে রয়েছে ঝিনাই-দহ ক্যাডেট কলেজের শিল্পকলা বিভাগের ছাত্র মোঃ মাহবুবুর রহ-

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)



পারভিন

## পারভিন ইঞ্জিনীয়ার হতে চায়

(স্টাফ রিপোর্টার)

পারভিন ইঞ্জিনীয়ার হতে চায়। তার স্বপ্ন, ইঞ্জিনীয়ারিংয়ে উচ্চ শিক্ষা নেবে। বেগম পারভিন সুলতানা, ঢাকা বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় তার স্থান পঞ্চদশ। এস-এসসি পরীক্ষায় সে মেয়েদের মধ্যে প্রথম হয়েছে।

পারভিন লেটার পেয়েছে ছয়টি, নম্বর পেয়েছে আটশ। সে নারায়ণ-গঞ্জ সরকারী উচ্চ বালিকা বিদ্যা-লয়ের ছাত্রী। প্রতিষ্ঠার পর স্কুলটি থেকে এই প্রথম একজন ছাত্রী মেধা তালিকায় স্থান পেল।

গতকাল বিকেলে নারায়ণগঞ্জের মাসদাইরে ওদের বাসায় পারভিনের সঙ্গে আলাপ হল, লাজুক হেসে

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)



সামিয়া

## সামিয়া মনে করে কোর্স সিস্টেমে পরীক্ষা হওয়া উচিত

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

এসএসসি পরীক্ষায় মানবিক শাখায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে সামিয়া মাহবুব। হলিক্রস স্কুলের ছাত্রী সামিয়া পাঁচটি বিষয়ে লেটারসহ মোট ৭৩১ নম্বর পেয়েছে।

পরীক্ষার রেজাল্ট সম্পর্কে সামিয়া বলেছে, ভালো করবো আশা ছিল. তবে ফার্স্ট হবো ভাবিনি। আর তাই সামিয়া, তার বাবা-মা খুবই খুশী।

সামিয়া টেস্ট পরীক্ষায় সেকেণ্ড হয়েছিল। সে কোন বাঁধাধরা নিয়ম মেনে লেখাপড়া করেনি, তবে প্রতিদিনই লেখাপড়া করেছে। টেস্ট পরীক্ষার পর পড়ার সময় বাড়িয়ে দেয়। এসময় সে গড়ে সাত-আট ঘন্টা করে লেখাপড়া করেছে।

সামিয়ার বাবা-মাও কৃতী ছাত্র-ছাত্রী ছিলেন। তার বাবু জনাব মাহবুবুর রহমান দিল্লী বোর্ড থেকে

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ঢাকা বোর্ডে পাসের হার ৫০ দশমিক ০৭ শতাংশ

(স্টাফ রিপোর্টার)

ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৮২ সালের এস-এসসি পরীক্ষার ফলাফল রোববার প্রকাশিত হয়েছে। পরীক্ষায় পাসের হার ৫০ দশমিক শূন্য সাত শতাংশ।

বোর্ডের অনুষ্ঠিত এবারের এস-এসসি পরীক্ষার সম্মিলিত মেধা

ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষার ফল ৭, ৮, ৯, ১০ ও ১১-এর পৃষ্ঠায়।

তালিকায় প্রথম হয়েছে মতিঝিল সরকারী উচ্চ বালক বিদ্যালয়ের বিজ্ঞান বিভাগের ছাত্র (রোল ঢা ৪৬৫০১) আশীষ কুমার কীর্তনী(য়া)। সে ছয়টি বিষয়ে লেটারসহ মোট ৮৩৭ নম্বর পেয়েছে। দ্বিতীয় স্থান অধিকার করেছে মির্জাপুর ক্যাডেট কলেজের বিজ্ঞান বিভাগের ছাত্র (রোল

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## যশোর বোর্ডে পাসের হার ৬৫ দশমিক ৭৪ শতাংশ

(স্টাফ রিপোর্টার)

যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের '৮২ সনের এসএসসি পরীক্ষার ফল রোববার প্রকাশিত হয়েছে। পরীক্ষায় পাসের হার ৬৫ দশমিক ৭৪ শতাংশ। বোর্ডের অধীনে এবার ৬১ হাজার ২৩ জন ছাত্র-ছাত্রী পরীক্ষা দিয়েছিল। এর মধ্যে পাস করেছে ৪০ হাজার ১শ ২১ জন।

এসএসসি পরীক্ষায় এবার যশোর বোর্ডে প্রথম বিভাগে ৫ হাজার

(৫-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ)